

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৩
আগরতলা, ১১ জুন, ২০২৪

এলজিবিটিকিউআইএ প্লাস
আগরতলায় আলোচনাচক্র

‘এলজিবিটিকিউআইএ প্লাস’ (LGBTQIA+) শীর্ষক কর্মসূচি নিয়ে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং হলে এক আলোচনাচক্র ও সংবেদনশীলতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায় এই আলোচনাচক্রের উদ্বোধন করে বলেন, ট্রান্সজেন্ডারদের জন্য সরকারিভাবে আইন প্রণয়ন করে সমাজে তাদের জন্য একটি সম্মানের জায়গা করে দেওয়ার প্রচেষ্টা শুরু হয়েছে। তাতে এই লিঙ্গের ব্যক্তিগণ শিক্ষিত হওয়ার মধ্য দিয়ে সমাজে প্রতিষ্ঠিত হচ্ছেন। আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য তাদের অবহেলা না করে তারা এই সমাজেরই একটি অংশ ভেবে তাদের সম্মান করা। কারণ এই সমাজের সুষ্ঠু অগ্রগতির জন্য ট্রান্সজেন্ডারদেরও প্রয়োজন আছে।

আলোচনাচক্রে ন্যাশনাল ইনস্টিটিউট অব সোস্যাল ডিফেন্স ছত্রিশগড় ডিভিশানের ট্রান্সজেন্ডার সদস্য রবীনা বারিহা ভারতীয় সংস্কৃতিতে ট্রান্সজেন্ডারদের ভূমিকা, লিগ্যাল হিষ্টি ও সুপ্রিম কোর্টের বিভিন্ন নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। তাছাড়াও ন্যাশনাল ইনস্টিটিউট অব সোস্যাল ডিফেন্সের উপঅধিকর্তা আর গিরিবাজ ট্রান্সজেন্ডারদের অধিকার সুরক্ষায় ২০১৯-এ রূপায়িত বিভিন্ন আইনগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা এল রাংখলা।

আলোচনাচক্রে পশ্চিমবঙ্গ থেকে আগত ট্রান্সজেন্ডার কার্ণিশ দে সরকার ও অপর্ণা ব্যানার্জি ট্রান্সজেন্ডারদের জীবনযাত্রা নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন টিজি ওয়েলফেয়ার বোর্ডের সদস্য স্নেহা গুপ্তা রায়। অনুষ্ঠান শেষে স্বাভিমান-এ সোসাল ওয়েলফেয়ার সোসাইটি ও বিভিন্ন ট্রান্সজেন্ডার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
